# প্রেসিডেন্সি কলেজ প্রাসঙ্গিকী

## প্রতিষ্ঠাতৃ-দিবস

২০এ জানুয়ারি

১৯৬৫

# প্রেসিডেন্সি কলেজ প্রাসঙ্গিকী

প্রতিষ্ঠাতৃ-দিবস, ২০এ জানুয়ারি ১৯৬৫

প্রেসিডেন্সি কলেজ ১৪৮ বৎসরের ইতিহাস সম্পূর্ণ করল। তার ইতিহাসের পথ বন্ধুর হ'লেও তার মানুষ-গড়ার আদর্শের শিখাটি আজও অম্লান।

এই আলো জ্বালিয়েছিলেন ভারত-হিতৈষী ডেভিড হেয়ার, রাজা রামমোহন রায়, বর্ধমানাধিপতি মহারাজ তেজচন্দ্র বাহাদুর, গোপীমোহন ঠাকুর, রাজা গোপীমোহন দেব, বৈদ্যনাথ মুখার্জি, স্যার এডওয়ার্ড হাইড ঈস্ট, জোসেফ ব্যারোটো, জে এইচ হ্যারিংটন, লেফটেন্যান্ট-কর্নেল ফ্রান্সিস আরভিন প্রভৃতি বরেণ্য ব্যক্তি। এঁদেরই প্রচেষ্টায় ১৮১৭ খ্রীস্টাব্দের ২০এ জানুয়ারি হিন্দু কলেজ স্থাপিত হয়। তাঁরা যে আলোর শিখা জ্বালিয়েছিলেন সে আলো আজও জ্বলছে।

নব ভারত গড়েছেন যাঁরা, তাঁদের অনেকেরই কৈশোর এবং যৌবন কেটে গেছে এই শিক্ষা-সৌধের প্রাঙ্গণে। আমাদের সঙ্গে তাঁদের সেই আত্মিক যোগ স্মরণ করবার শুভ লগ্ন আজকের এই পবিত্র দিনটি।

**বিভিন্ন পরীক্ষার ফল**

কলেজের ছাত্রসংখ্যা বর্তমানে ১,৪৩৮। এর মধ্যে ছাত্রীদের সংখ্যা ৪৭৬। ৬৩ জন ছাত্র-ছাত্রী বিভিন্ন পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সরকারী বৃত্তি পেয়েছে। অসচ্ছল অথচ মেধাবী ৭৫৩ জন ছাত্রছাত্রী বিভিন্ন বৃত্তি নিয়ে পড়াশুনা করছে। এ ছাড়া গত বছরের 'জগদীশ বসু ন্যাশানাল সায়ান্স ট্যালেন্ট সার্চ' বৃত্তিভোগীদের ৮ জনের পুনর্বহাল এবং এ বছর নতুন ৮ জনকে ঐ বৃত্তি দেওয়া হয়েছে।

প্রাক্-বিশ্ববিদ্যালয় কলা ও বিজ্ঞান উভয় পরীক্ষায় সকল ছাত্রই উত্তীর্ণ হয়েছে। তার মধ্যে কলা বিভাগে ৮ জন এবং বিজ্ঞান বিভাগে ৫০ জন। বি এ এবং বি এস-সি ত্রৈবার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রের পাশের হার শতকরা ৯৪·২৫ এবং ৮৮—যথাক্রমে ৮২ জন এবং ১১০ জন। ত্রৈবার্ষিক পরীক্ষায় বি এ-তে ১১ জন এবং বি এস-সিতে ৩৬ জন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ। পুরনো দ্বিবার্ষিক পরীক্ষায় বি এ-তে ৯ জন এবং বি এস-সি-তে ২১ জন, যথাক্রমে শতকরা ৭৫ এবং ৮০ জন উত্তীর্ণ হয়েছে। এই পরীক্ষায় বি এ-তে প্রথম শ্রেণী পেয়েছে ১ জন এবং বি এস-সি-তে ২ জন।

**অধ্যাপকমণ্ডলীর পরিবর্তন ও অন্যান্য সংবাদ**

অর্থনীতি বিভাগের প্রধান অধ্যাপক শ্রীউপেন্দ্রনাথ ঘোষাল গত সেপ্টেম্বর মাসে দীর্ঘ সরকারী কর্মজীবন থেকে অবসর গ্রহণ করলেন। চরিত্রের ঋজুতায় এবং শান্ত গাম্ভীর্যে তিনি আমাদের মধ্যে ছিলেন সম্ভ্রমের পাত্র। আমরা তাঁর শান্ত নিরুদ্বেগ অবসর-জীবন কামনা করি।

রসায়ন বিভাগের শ্রীপ্রফুল্লকুমার দত্ত পশ্চিমবঙ্গ শিক্ষা-বিভাগের সহকারী অধিকর্তা (উন্নয়ন) রূপে কর্মভার গ্রহণ করেছেন। তাঁর শূন্য পদ এখনও পূর্ণ হয় নি। এই বিভাগের সহকারী অধ্যাপকরূপে শ্রী এস কে চক্রবর্তী কৃষ্ণনগর কলেজে বদলি হয়ে গিয়েছেন; তাঁর জায়গায়

নিযুক্ত হয়েছেন ডক্টর এ চ্যাটার্জি। ডক্টর তারকেশ্বর চক্রবর্তী, স্বরাষ্ট্র বিভাগে অস্থায়ী কার্য-কাল শেষ হ'লে সহকারী অধ্যাপকরূপে ফিরে এসেছেন। শ্রীঅমল মিত্র চন্দননগরে বদলি হয়েছেন। শ্রী সি আর সাহু লেকচারার পদ ত্যাগ করেছেন। সেই পদে এসেছেন শ্রীমনোতোষ দাশগুপ্ত। শ্রীলক্ষ্মীনারায়ণ সাহা এবং শ্রীনিখিল পাল লেকচারার-রূপে রসায়ন বিভাগে যোগ দিয়েছেন। শ্রীসমীরকুমার বসু, জুনিয়র ডেমনস্ট্রেটর পদ ত্যাগ করলে সেই পদে শ্রীইন্দুভূষণ রায় এসেছেন।

অর্থনীতি বিভাগে শ্রীঅমিয় বাগচী কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ের ডক্টরেট উপাধি অর্জন ক'রে অধ্যাপক পদে যোগ দিয়েছেন। ডক্টর নির্মলচন্দ্র বসু রায়চৌধুরী রাষ্ট্রনীতি বিভাগের এবং ডক্টর এ বি চ্যাটার্জি ভূগোল বিভাগের প্রধান অধ্যাপক নিযুক্ত হয়েছেন। প্রাণিতত্ত্ব বিভাগের শ্রীঅমল মুখোপাধ্যায় চন্দননগর কলেজের অধ্যক্ষ এবং উদ্ভিদতত্ত্বের শ্রী এইচ সি গাঙ্গুলী দার্জিলিঙ কলেজের বিভাগীয় অধ্যক্ষরূপে নিযুক্ত হয়েছেন।

গণিত বিভাগের শ্রীগোপাল পাল কৃষ্ণনগর কলেজে বদলি হয়েছেন। এই বিভাগে ডক্টর নলিনী চক্রবর্তী সহকারী অধ্যাপক পদে যোগ দিয়েছেন। সংখ্যাতত্ত্ব বিভাগে শ্রী এস পি মুখোপাধ্যায় সহকারী অধ্যাপক পদ ত্যাগ করেছেন; তাঁর জায়গায় শ্রী এইচ এন সুর যোগ দিয়েছেন। ইনিও পদ ত্যাগ করায় শূন্য পদে শ্রী এম কে গুপ্ত ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের পি এইচ ডি ডিগ্রি নিয়ে সেই পদে নিযুক্ত হয়েছেন। সংখ্যাতত্ত্ব বিভাগের লেকচারার শ্রীঅরিজিৎ চৌধুরী পদত্যাগ করেছেন; সেই পদে শ্রীরজত গুপ্ত উন্নীত হয়েছেন।

প্রাণিতত্ত্ব বিভাগে ডক্টর এ কে ব্যানার্জী দার্জিলিঙ কলেজে সহকারী অধ্যাপক পদে বদলি হয়ে গিয়েছেন। এই বিভাগে শ্রী আর পি ভট্টাচার্য বারাসত কলেজ থেকে এবং ডক্টর এ কে সিংহ হুগলি কলেজ থেকে লেকচারার পদে যোগ দিয়েছেন। শ্রী এ দে লেকচারার পদে উন্নীত হয়েছেন। শ্রী এস কে কানজি ডেমনস্ট্রেটর নিযুক্ত হয়েছেন।

ভূতত্ত্ব বিভাগে শ্রী জি কে মোদক সহকারী অধ্যাপকরূপে অস্থায়িভাবে নিযুক্ত হয়েছেন। ডক্টর ডি মুখোপাধ্যায় সহকারী পদে যোগ দিয়েছেন। শ্রী এস তালুকদার এবং শ্রী এম বি চক্রবর্তী দু'টি নবসৃষ্ট লেকচারার পদে যোগ দিয়েছেন। শ্রীসুকুমার দে ল্যাবরেটরি-সহায়কের পদ ত্যাগ করায় শ্রীঅশোক ব্যানার্জি সেই পদে নিযুক্ত হয়েছেন।

পদার্থতত্ত্ব বিভাগের শ্রী পি সরকার ভারতীয় শাসন বিভাগের জন্য মনোনীত হওয়ায় লেকচারার পদ শূন্য হয়েছে। সেই পদে শ্রী কে সি সেন কৃষ্ণনগর কলেজ থেকে এসেছেন। এ ছাড়া শ্রী এ কে মুখোপাধ্যায় এবং শ্রী ডি কে ভট্টাচার্য দু'টি লেকচারার পদে নিযুক্ত হয়েছেন। ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক শ্রীকালিদাস বসু মৌলানা আজাদ কলেজে বদলি হয়ে গিয়েছেন।

শারীরতত্ত্ব বিভাগে ডক্টর কৃষ্ণকুমার সিংহ এবং শ্রীমতী মঞ্জু মুখোপাধ্যায় লেকচারার পদে নিযুক্ত হয়েছেন।

ভূগোল বিভাগে শ্রীনীরেন্দ্রনাথ সেন ডেমনস্ট্রেটর নিযুক্ত হয়েছেন।

ইতিহাস বিভাগের ডঃ অরুণকুমার দাশগুপ্ত বর্ধমান বিশ্ববিদ্যালয়ের রীডার নিযুক্ত হয়েছেন। তাঁর জায়গায় যোগ দিয়েছেন কোচবিহার কলেজের সহকারী অধ্যাপক শ্রীশঙ্কর দত্ত।

কলেজ অফিসে একটি করণিকের ও একটি পিয়নের অস্থায়ী পদ মঞ্জুর হয়েছে। ঐ পদ দু'টিতে সম্পূর্ণ অস্থায়িভাবে নিযুক্ত হয়েছেন যথাক্রমে শ্রীঅনাথবন্ধু ঘোষ ও শ্রীনিখিলচন্দ্র গঙ্গোপাধ্যায়।

**বিভিন্ন বিভাগে অধ্যাপকবৃন্দের বিদেশযাত্রা এবং অন্যতর নিয়োগ ও গবেষণা**

ভূগোলের ডক্টর নিশীথরঞ্জন কর গত এপ্রিল মাসে ভিজিটিং প্রফেসররূপে জার্মানী এবং আমেরিকায় আমন্ত্রিত হয়ে গিয়েছেন। শারীরতত্ত্ব বিভাগের ডক্টর অচিন্ত্যকুমার মুখোপাধ্যায় আমেরিকার সোসাইটি অফ এক্সপেরিমেন্টাল মেডিসিন অ্যান্ড বায়োলজির সদস্য মনোনীত হয়েছেন। এই বিভাগেরই ডক্টর সুকুমার লাহিড়ী ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ আয়োজিত হাই অলটিটুড গবেষণাকারী সংস্থার নেতারূপে সার এডমন্ড হিলারীর সঙ্গে তিন মাসের জন্য বাইরে গিয়েছেন। পদার্থতত্ত্ব বিভাগের অধ্যাপক ডক্টর এ কে রায়চৌধুরী ভিজিটিং প্রফেসর-রূপে বাইরে গিয়েছেন।

এ ছাড়া প্রেসিডেন্সি কলেজের বিভিন্ন বিভাগের অধ্যাপকেরা নানা সরকারী এবং বেসরকারী সংস্থায় বিশেষজ্ঞরূপে গৃহীত হয়ে থাকেন; বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে নানাভাবে যুক্তও আছেন। পরীক্ষক হিসাবে অথবা বক্তা হিসাবে আমাদের মধ্যে অনেকেই নানা বিশ্ববিদ্যালয়ে আমন্ত্রিত হয়েছেন। কেন্দ্রীয় সরকার আমাদের কলেজের অধ্যাপকদের নানা গবেষণা-পরিকল্পনা গ্রহণ করেছেন। দর্শন বিভাগের ডক্টর সুধীরকুমার নন্দী এই বৎসরে ইন্দোরে অনুষ্ঠিতব্য অখিল ভারতীয় শিক্ষা সম্মেলনের চারুকলা শাখায় সভাপতিত্ব করবার জন্য আমন্ত্রিত হয়েছেন।

প্রেসিডেন্সি কলেজের একটি মহৎ ভূমিকা আছে দেশের গবেষণার ক্ষেত্রে। বহু গবেষক আমাদের অধ্যাপকদের অধীনে গবেষণা ক'রে সুখ্যাতি অর্জন করেছেন। প্রাণিতত্ত্ব বিষয়ে ডক্টর শিবতোষ মুখোপাধ্যায়ের অধীনে শ্রী এ কে সিংহ, শ্রী এস অধিকারী, শ্রী এস মিত্র বিজ্ঞানে ডি ফিল পেয়েছেন। এই বিভাগের শ্রী এস কে দাশগুপ্ত উচ্চতর শিক্ষার্থে আমেরিকায় গিয়েছেন। ডঃর বি গাঙ্গুলি ইউ জি সি রিসার্চ ফেলো-রূপে, শ্রী এ চক্রবর্তী জুনিয়র ইউ জি সি রিসার্চ ফেলো-রূপে এবং শ্রী এস ভট্টাচার্য রিসার্চ ট্রেনিং স্কলার-রূপে অধ্যাপক শিবতোষ মুখোপাধ্যায়ের অধীনে গবেষণা আরম্ভ করেছেন। ইতিহাস বিভাগের ডক্টর অমলেশ ত্রিপাঠী এবং ডক্টর অশীন দাশগুপ্ত ম্যুনিখে আন্তর্জাতিক অর্থনৈতিক ইতিহাস সম্মেলনে আহূত হয়েছেন।

রসায়ন বিভাগে সহকারী অধ্যাপক শ্রী এস কে চক্রবর্তী এবং শ্রী এম কে দাস কলকাতা বিশ্ববিদ্যালয়ের ডি ফিল ডিগ্রি পেয়েছেন। গবেষক-ছাত্ররূপে শ্রী জে সি সরকার, শ্রীমতী ইলা সরকার, শ্রীমতী দীপালী ভট্টাচার্য এবং শ্রী জি এস শাম্বমূর্তি ডি ফিল পেয়েছেন। দু'জন গবেষণা দাখিল করেছেন শ্রী এইচ দাস এবং শ্রী আর এস ব্যানার্জি।

শ্রীমতী মঞ্জু মুখার্জি শারীরতত্ত্ব বিষয়ে কলকাতা বিশ্ববিদ্যালয়ে ডি এস-সি ডিগ্রি পেয়েছেন। তিনি উচ্চতর শিক্ষার জন্য আমেরিকায় গিয়েছেন। শ্রীমতী ভারতী দত্ত ডক্টর অচিন্ত্য মুখোপাধ্যায়ের অধীনে কাজ ক'রে ডি ফিল পেয়েছেন। ডক্টর এস লাহিড়ী এই বিভাগে পি আর এস পেয়েছেন।

উদ্ভিদতত্ত্ব বিভাগে ১৮ জন গবেষক বিশেষ বিষয়ে শিক্ষালাভ করছেন। শ্রীমতী সুমিত্রা সেন এবং শ্রীরবীন্দ্রকৃষ্ণ মুখোপাধ্যায় ডি ফিল ডিগ্রি পেয়েছেন। শ্রীমতী মালবিকা ঘোষ গবেষণা দাখিল করেছেন।

পরিসংখ্যান বিভাগের শ্রী বি আর দে আমেরিকায় উচ্চতর শিক্ষার জন্য বৃত্তি পেয়েছেন। শ্রীসুহাসকুমার মজুমদার সিনিয়র ম্যান পাওয়ার-রূপে ডক্টর এন এল ঘোষের অধীনে গবেষণায় নিযুক্ত হয়েছেন।

**শিক্ষামূলক ভ্রমণ ও সেমিনার**

প্রেসিডেন্সি কলেজে শিক্ষামূলক ভ্রমণের সুপ্রচুর ব্যবস্থা আছে। বিশেষ ক'রে বিজ্ঞানের ছাত্রদের এর প্রয়োজনীয়তা বেশি। এর দ্বারা ছাত্রদের মধ্যে আপন আপন পাঠ্যবিষয়ে কৌতূহলের সঞ্চার হয় এবং কলেজীয় শিক্ষা সম্পূর্ণতর হয়। ভূতত্ত্ব, উদ্ভিদতত্ত্ব ও ভূগোল শিক্ষাদানের অঙ্গ হিসাবে বাৎসরিক বহির্যাত্রার ব্যবস্থা করা হয়ে থাকে।

প্রাণিতত্ত্ব বিভাগে কলকাতা থেকে ১,৩০০ মাইল দূরে কুশীদিতে অভিযান করা হয়েছিল। ভূগোল বিভাগ থেকে ভুবনেশ্বর, মাদ্রাজ, মহীশূর, করমণ্ডল, মালাবার উপকূল, রোটাস, ছোটনাগপুর মালভূমি প্রভৃতি অঞ্চলে শিক্ষামূলক ভ্রমণের ব্যবস্থা হয়েছিল। রসায়ন বিভাগ থেকে এবার দুটি শিক্ষাভ্রমণ হয়েছিল—একটি স্নাতকোত্তর ছাত্রদের জন্য দক্ষিণ ভারতে, আর-একটি স্নাতক ছাত্রদের জন্য আসানসোল-ধানবাদ অঞ্চলে। ছাত্রেরা ব্যাংগালোর পোর্সেলেন ফ্যাক্টরি, মহীশূর সিল্ক ফ্যাক্টরি, চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস, মহীশূর খাদ্য-গবেষণা পরিষদ, ধানবাদ জ্বালানি গবেষণা কেন্দ্র দেখে এসেছে। ভূতত্ত্ব বিভাগ থেকে এবার তিনটি ভ্রমণব্যবস্থা হয়েছিল, কোডারমা, ধানবাদ, আমরাপাড়া, রানীগঞ্জ অঞ্চলে। আরও কয়েকটি হয়েছে বড়দিনের ছুটিতে। উদ্ভিদতত্ত্ব বিভাগে ৩০টি স্থানীয় এবং তিনটি দূরবর্তী যাত্রা হয়েছিল। তিনটির মধ্যে দুটি খাসিয়া-জয়ন্তী পাহাড়ে, আর-একটি গ্যাংটকে। এ ছাড়া বড়দিনের ছুটিতে ভাগলপুর-রাজমহল অঞ্চলে আর একটি শিক্ষামূলক ভ্রমণের ব্যবস্থা হয়েছে। পরিসংখ্যান বিভাগের ছাত্রেরা ইন্ডিয়ান স্ট্যাটিসটিক্যাল ইনস্টিটিউট এবং দিল্লীর বিভিন্ন সংস্থায় গিয়েছিল।

**গ্রন্থাগার**

১৯৬৪ খ্রীস্টাব্দের ৩০এ নবেম্বর পর্যন্ত গ্রন্থাগারে গ্রন্থসংখ্যা দাঁড়িয়েছে ৯৮,৭৬০ এবং বাঁধানো পত্রিকার সংখ্যা ১৪,১০৭। ১৯৬৩-৬৪ সালের কেনা বই ও পত্রিকার সংখ্যা ছিল যথাক্রমে ২,১৪৩ ও ২৮৩। এর জন্য মোট খরচের পরিমাণ ৮০,৪৪৮·৮৯ টাকা। এ ছাড়া আলোচ্য বর্ষে ২২৮ খানি বই, পত্রিকা ও পুস্তিকা উপহার-স্বরূপ পাওয়া গেছে।

১৯৬৩-৬৪ খ্রীস্টাব্দে মোট ১,১১,৮৮০ খানি বই ব্যবহৃত হয়েছে। তার মধ্যে বাড়িতে ব্যবহারের জন্য ৪১,২০০ খানি এবং বিভিন্ন সেমিনারে ব্যবহারের জন্য ৪,৮১৫ খানি।

এ বছর শিক্ষক ও ছাত্রদের (কেবলমাত্র যাঁরা গবেষণার কাজে লিপ্ত আছেন) পৃথক বসে পড়বার জন্য বিজ্ঞান গ্রন্থাগারে চারটি আসনের ব্যবস্থা করা হয়েছে।

ত্রিবার্ষিক স্নাতক শ্রেণীর বিভিন্ন বর্ষ, প্রাক্-বিশ্ববিদ্যালয় কলা ও বিজ্ঞান এবং প্রি-মেডিক্যাল কোর্স এই কলেজে প্রবর্তিত হওয়ায় ছাত্র-ছাত্রীর সংখ্যা বেড়েছে এবং গ্রন্থাগারের কাজও বেড়ে

গেছে প্রচুর পরিমাণে। বহুদিন ধ'রে বারবার অতিরিক্ত কর্মী নিয়োগের জন্য কর্তৃপক্ষের কাছে আবেদন করা হচ্ছে, কিন্তু এখনো কোনো ফল হয় নি।

গ্রন্থাগারে বই রাখার গুরুতর স্থানাভাব এখনও আগের মতোই। অতিরিক্ত র‍্যাক স্থাপন করা, অতিরিক্ত আলোর বন্দোবস্ত করা ইত্যাদি প্রয়োজনীয় বিষয়ে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে, কিন্তু কোনো ফল হয় নি।

বই, আলমারি ও সেল্‌ফ ঝাড়পোঁছ করার জন্য ও গ্রন্থাগার সকাল-সন্ধ্যা ও ছুটির দিনে খুলে রাখার জন্য অতিরিক্ত কর্মচারী কর্তৃপক্ষের নিকট বিগত বারো বছর ধরে চাওয়া হচ্ছে; এখনও পর্যন্ত কোনো ফল হয় নি। এ ছাড়া গ্রন্থাগারে নানারকম কাজ বেড়ে গেছে। এই বাড়তি কাজ করার জন্য কয়েকটি অতিরিক্ত পদের জন্যে অনুমোদন (যেমন, উপ-গ্রন্থাগারিক, বেয়ারা, দ্বাররক্ষক ইত্যাদি) চাওয়া হয়েছে, সে বিষয়েও এখনো কোনো ফল হয় নি।

**জাতীয় সমর-শিক্ষার্থী বাহিনী (এন সি সি)**

এন সি সি বাধ্যতামূলক হওয়ার প্রাক্‌কালে আমাদের কলেজের শিক্ষকমণ্ডলীর মধ্য থেকে চারজন এন সি সি অফিসার ট্রেনিং সমাপ্ত ক'রে ফিরে আসেন। কলেজে বর্তমানে এন সি সি অফিসার আছেন পাঁচজন--ক্যাপ্টেন বীরেন্দ্রকুমার চক্রবর্তী, সেকেন্ড লেফটেনান্ট দীপ্তিকুমার সেন, প্রদীপকুমার দাসগুপ্ত, দীপককুমার দাস ও প্রফুল্লকুমার চক্রবর্তী। এঁদের পরিচালনায় কলেজের এন সি সি শিক্ষার কাজ সুষ্ঠুভাবে এগোচ্ছে। প্রি-ইউনিভার্সিটি, প্রি-মেডিক্যাল, প্রথম বর্ষ এবং পঞ্চম বর্ষের ছাত্ররা বর্তমানে বাধ্যতামূলকভাবে এন সি সি শিক্ষা পাচ্ছে। কলেজ ক্রীড়া দিবসে এবং এন সি সি দিবসে কলেজের ছাত্ররা আনুষ্ঠানিক প্যারেড, মার্চ-পাস্ট ও অন্যান্য এন সি সি ক্রিয়া-কলাপ প্রদর্শন করে। ক্যাম্পে যে ড্রিল প্রতিযোগিতা হয় তাতে ৬নং কম্পানী (প্রি-মেডিক্যাল ক্লাস) বিজয়ী হয়। আর্মার্ড স্কোয়াড্রনের ক্যাডেট আন্ডার অফিসার প্রতীপকুমার সেন (তৃতীয় বর্ষ) ১৯৬৪তে পশ্চিম বাঙলার মধ্যে শ্রেষ্ঠ ক্যাডেট নির্বাচিত হয়েছে। নিয়মানুবর্তিতায় এবং পারদর্শিতায় আমাদের কলেজের ছাত্ররা কলেজের সুনাম বজায় রাখতে পেরেছে।

**ছাত্র-সংসদ**

কলেজের ছাত্র-সংসদের এবারকার নির্বাচিত সম্পাদক শ্রীপ্রবীর সেনগুপ্তের পরিচালনায় যথারীতি বিভিন্ন অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। প্রতিষ্ঠাতৃ-দিবস উপলক্ষে স্টার রঙ্গমঞ্চে 'চলচ্চিত্ত চঞ্চরী', 'এমনও দিন আসতে পারে' এবং 'দ্বান্দ্বিক' অভিনীত হয়। ফেব্রুয়ারি মাসে ইউ এস আই এস-এর সহযোগিতায় কলেজে একটি 'গ্রুপ ডিসকাশন' হয়। এ ছাড়া টিম্ প্রেন্টিস মার্কিন লোক-সংগীত শুনিয়ে ছাত্রছাত্রীদের প্রভূত আনন্দ দান করেন। ১৪ই ফেব্রুয়ারি মার্কিন রাষ্ট্রদূত শ্রীচেষ্টার বোল্‌স্‌ কলকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের সঙ্গে মিলিত হন আমাদের কলেজেই।

কলেজের ছাত্র জয় দেবের আকস্মিক মৃত্যুতে ছাত্র-সংসদের পক্ষ থেকে এক শোকসভার আয়োজন করা হয়।

জাপান থেকে কয়েকজন ছাত্র এসেছিলেন; তাঁরা এক প্রীতিমধুর অনুষ্ঠানে আমাদের কলেজের ছাত্রছাত্রীদের সঙ্গে মিলিত হন।

সেপ্টেম্বর মাসে কলেজের শারদীয় সম্মেলন অনুষ্ঠিত হয় মহাজাতি-সদনে। কলেজের ছাত্ররা 'ইম্‌প্রম্‌টু' এবং 'শতাব্দীর স্বপ্ন' অভিনয় করেন এবং শ্রীসন্তোষ সেনগুপ্তের পরিচালনায় রবীন্দ্রনাথের 'শ্যামা' অভিনীত হয়।

**কলেজের ছাত্রাবাস**

ছাত্রাবাসের টেক্সট-বুক লাইব্রেরিটি ছাত্র-আবাসিকদের খুবই অনুরাগের জিনিস। কলা, বিজ্ঞান এবং কমার্স পাঠক্রমের বিভিন্ন স্তরে প্রয়োজনীয় আরও অধিক-সংখ্যক বইয়ের অভাব মোচনের জন্যে সরকারী সাহায্য দরকার। এ বিষয়ে কর্তৃপক্ষের কাছে যথারীতি আবেদন জানানো হয়েছে। বই রাখবার কয়েকটি আলমারির জন্যেও সরকারী সাহায্য চাওয়া হয়েছে। ভারতের বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে প্রায় প্রতি বছরেই ইডেন হিন্দু হোস্টেলে কোনো কোনো ছাত্রদল এসে থাকেন। মাথা-পিছু প্রতিদিন এক টাকা হিসেবে তাঁদের কাছ থেকে অল্প কয়েকদিনের জন্যে যে টাকা পাওয়া যায়, তা থেকে আবাসিকদের কল্যাণার্থে ছাত্র-সাহায্য তহবিলে, টেক্সট-বুক লাইব্রেরির জন্যে এবং আবাসিকদের অন্যান্য কল্যাণার্থে যৎসামান্য সাহায্য পাওয়া যায়। কিন্তু সে সাহায্যও অনিশ্চিত। কাজে কাজেই এ বিষয়ে আরো স্থায়ী ব্যবস্থা হওয়া দরকার।

ছাত্রাবাসের সংলগ্ন মাঠের চারদিকে ফুলবাগানটুকুও খুবই অর্থাভাবের মধ্যে বাঁচিয়ে রাখা হচ্ছে। নিত্যপ্রয়োজনীয় বিভিন্ন সামগ্রীর মূল্যবৃদ্ধির ফলে মেসের খরচ গত বছরের তুলনায় অনেকটা বেড়ে গেছে।

আবাসিকরা বিভিন্ন ক্রীড়া-প্রতিযোগিতা, বিতর্ক, আবৃত্তি, প্রাচীর-পত্রিকা প্রকাশ ইত্যাদি অনুষ্ঠান যথারীতি পালন করেছে। ডিসেম্বর মাসে সোনারপুরে ছাত্রাবাসের বার্ষিক পিকনিক অনুষ্ঠিত হয়।

**প্রাক্তন ছাত্র-সংসদ**

গত জানুয়ারি মাসে কলকাতার গোলযোগের ফলে আমাদের পরিকল্পনানুযায়ী কাজের কিছু ব্যাঘাত ঘটে। গত প্রতিষ্ঠাতৃ দিবসে এই জন্যেই কোনো চায়ের আসর বসানো যায় নি। আধ ঘণ্টার জন্য সামান্য মেলামেশা ক'রেই আমাদের কাজ শেষ করতে হয়েছিল। এই সভায় উপস্থিত সদস্যের সংখ্যাও খুব কম ছিল। গত ১৬ই ফেব্রুয়ারি অবশ্য আমরা একটি জলযোগের ব্যবস্থা করেছিলাম, তাতে অনেকেই উপস্থিত হয়েছিলেন।

গত ২৩এ ফেব্রুয়ারি, ফলতায় আচার্য জগদীশচন্দ্র বসুর বাগানবাড়িতে প্রাক্তন ছাত্ররা একটি প্রমোদ-অনুষ্ঠানে মিলিত হন। গত ২৬এ এপ্রিল নববর্ষ অনুষ্ঠান উদ্‌যাপিত হয়। শ্রীপঙ্কজ-কুমার মল্লিক স্বামী বিবেকানন্দ রচিত কয়েকটি গান গেয়ে শোনান। অনুষ্ঠানের পর জলযোগে সকলকে আপ্যায়িত করা হয়।

প্রেসিডেন্সি কলেজের দু'জন প্রাক্তন ছাত্র সার আশুতোষ মুখোপাধ্যায় এবং আচার্য রামেন্দ্র-সুন্দর ত্রিবেদীর জন্মশতবর্ষোৎসব অনুষ্ঠিত হয় ২৯এ অগাস্ট। ডক্টর রমেশচন্দ্র মজুমদার অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। অধ্যক্ষ ভূপতিমোহন সেন, শ্রীসুরজিৎচন্দ্র লাহিড়ী এবং ডক্টর নলিনাক্ষ

স্যান্যাল, সার আশুতোষের বহুমুখী প্রতিভা বিশেষত স্বাধীন শিক্ষার জন্য তার সংগ্রাম, ছাত্র-প্রীতি এবং মাতৃভাষার মর্যাদা রক্ষার জন্য তাঁর প্রয়াসের কথা বিশেষভাবে আলোচনা করেন। আচার্য রামেন্দ্রসুন্দর ত্রিবেদী সম্পর্কে আলোচনা করেন অধ্যাপক প্রফুল্লকুমার গুহ, ডক্টর হর-প্রসাদ মিত্র এবং ডক্টর সতীশরঞ্জন খাস্তগীর।

গত ৩০এ অগাস্ট একটি সংগীতানুষ্ঠানে বিবেকানন্দ সোসাইটির শ্রীবঙ্কিমচন্দ্র ঘোড়ই এবং শ্রীসুখেন্দু গোস্বামী ও তাঁর সম্প্রদায় ভক্তিমূলক গান গেয়ে শোনান।

প্রাক্তন ছাত্র-সংসদ এবার যখন বার্ষিক নাট্যানুষ্ঠানের জন্য তৈরি হচ্ছিল তখন আমাদের প্রধানমন্ত্রী জওহরলাল নেহরুর মৃত্যুসংবাদ আসে। এই জাতীয় বিয়োগব্যথায় আমরা এই অনুষ্ঠান স্থগিত রেখেছিলাম।

প্রাক্তন ছাত্র-সংসদের উদ্যোগে গত ১৭ই সেপ্টেম্বর এবং ২০এ ডিসেম্বর কলেজের ফিজিক্স বক্তৃতামঞ্চে মহাকবি সেক্সপীয়রের চতুর্থ জন্মশতবার্ষিকী উপলক্ষে ছায়াচিত্রে হেনরি দি ফিফ্‌থ এবং অন্যান্য চিত্রাবলী প্রদর্শনের আয়োজন হয়। ১৯এ ডিসেম্বর অধ্যাপক শ্রীপ্রফুল্লকুমার গুহ মহাকবি সম্পর্কে একটি মনোজ্ঞ আলোচনা করেন।

এ বছর আমরা এক বিশেষ কর্মপরিকল্পনা প্রস্তুত করেছি এবং তদনুসারে কাজও আরম্ভ করেছি। আমাদের মধ্যে থেকে চিকিৎসক, আইনব্যবসায়ী, ইঞ্জিনীয়র প্রভৃতির এক এক তালিকা তৈরি করা হয়েছে। আমাদের নানা প্রয়োজনে এঁরা সাহায্য করতে এগিয়ে আসবেন এবং এই-ভাবে সমাজসেবার এক বিস্তৃত কর্মপ্রচেষ্টা গ'ড়ে উঠবে। আগামী বৎসর আমরা কাজের পূর্ণাঙ্গ এবং বিস্তৃত বিবরণ দিতে পারব ব'লে আশা করছি।

## Visitors from abroad during 1964

### English

In February, Dr. Anna M. Baby-Brooke, Professor of English, Brooklyn College, U.S.A. (currently in India on assignment as Senior Fulbright Professor of English, Graduate Studies. at Lady Doar College, Madurai), delivered a lecture on Eugene O'Neill at the English Seminar.

Prof. Harold Oliver, Professor of English, University of New South Wales (Australia), gave an informal talk to members of the English Staff on his recent experiences as a Shakspearean editor.

In August, Dr. Ian Jack, Lecturer in English, Cambridge University, paid two visits. On the first of these he took on English Honours class at the College on a prescribed text. On the second, he was entertained to tea by members of the English staff to whom he gave an informal talk on Dr. Leavis and contemporary English criticism.

### Geology

Dr. Walfe from Boston University, U.S.A., visited the department in the middle of March.

Prof. W. W. Moorhouse from Toronto University, Canada, paid a visit to this department on the 4th and 11th of December 1964.

### Economics and Political Science

Dr. Harold Jacobson of American Embassy, Professor Dimock, Chairman, Department of Government, New York University, and Dr. Wilcox, Assistant Professor, University of Columbia, were the three visitors to this department during the year.

### Zoology

The following visitors came on four occasions:-

(1) Dr. M. C. Nik—Temple University, Philadelphia, Penn.
(2) Roving advisor—U. S. Bureau of Fisheries.
(3) Dr. S. Galenko and Dr. N. N. Trofimor—Moscow.
(4) A group of Russian Scientists.

### Geography

Professor Rhoads Murphy, University of Washington, U.S.A. and Editor Journal of Asian Studies visited the Department of Geography in **1964.**

**Botany**

A party of Scientists including Botanists from Lumumba Friendship University, Moscow, visited the Botany Department on 5th February. They were—

(1) Dr. J. Gallenko.
(2) Dr. K. Vichyanaka.
(3) Dr. Nikolayier.

## Other Visitors from abroad

(1) Mr. Chester Bowles, Ambassador of U.S.A., visited the college and met the students of this college in a group discussion.

(2) Mr. Joshep N. Greene, the Deputy Chief of Mission, American Embassy, visited the college and met a group of students informally.

(3) Dr. Jon Mathews, an eminent educationist of U.S.A., visited the college and gave a lecture in the Physics Department.

(4) Dr. James Vitelli and Dr. Egbert Oliver, two eminent educationists of U.S.A., gave lectures in the English Department.

(5) Dr. Jewell Cass Phillips, an eminent educationist of U.S.A., gave lecture in the Political Science Department.

(6) Dr. Robert R. R. Brookes, an eminent educationist of U.S.A., gave a lecture in the Economics Department.

(7) Dr. Phillip A. Lewis, an eminent educationist of U.S.A., gave a lecture in the Chemistry Department.

(8) Dr. Thomas Metcalf, an eminent educationist of U.S.A., gave a lecture in the History Department.

# APPENDIX I

**List of Publications and Research Work by members of the teaching staff of the Presidency College or by Students under their guidance during 1964.**

*English*

A Shakespeare Commemoration Volume, containing contributions by several members of the English Staff, will shortly be published by the Department of English, under the auspices of the Government of West Bengal, in connexion with the Shakespeare Quatercentenary.

A book by Dr. Sailendra Kumar Sen on certain aspects of English Criticism in the later 18th century has been accepted for publication by the Calcutta University and is being printed.

*Bengali*

**Mitra, Dr. Haraprasad**

কবিতার বিচিত্র কথা (দ্বিতীয় পরিবর্ধিত সংস্করণ) রবীন্দ্রালয় কর্তৃক প্রকাশিত।

সত্যেন্দ্রনাথ দত্তের কবিতা ও কাব্যরূপ (তৃতীয় পরিবর্ধিত সংস্করণ), মুকুন্দ পাবলিশার্স।

সাহিত্যের দেশ-দেশান্তর [সাপ্তাহিক 'বসুমতী' পত্রিকায় পর্যায়ক্রমে প্রকাশিত, ১৯৬৪]।

স্বামী বিবেকানন্দ সম্পর্কিত কয়েকটি রচনা ['বিশ্ববাণী' প্রভৃতি পত্রিকা, ১৯৬৪]।

শেক্সপীয়রের প্রতিভা-সম্পর্কিত কয়েকটি রচনা ['গন্ধর্ব' প্রভৃতি পত্রিকা, ১৯৬৪]।

Comparative Literature [রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অফ কালচার-এর আমন্ত্রণে পঠিত ইংরাজী প্রবন্ধ, ১৯৬৪]।

**Dutta, Bhabatosh**

বাংলা কাব্যে সৌন্দর্যবাদ [দিল্লী বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশিতব্য 'শশিভূষণ দাশগুপ্ত স্মারক গ্রন্থ']।

বাঙালী মনীষার সংকট ও সমন্বয় [পূর্বাশা (নব পর্যায়) বৈশাখ, ১৩৭১]।

মননে রবীন্দ্র-রীতি [পূর্বাশা (নব পর্যায়) পূজাসংখ্যা, ১৩৭১]।

মোহিতলালের পত্রগুচ্ছ, সম্পাদিত [যন্ত্রস্থ]।

'ঈশ্বর গুপ্ত', 'অতুলচন্দ্র গুপ্ত', 'অক্ষয়কুমার বড়াল', 'আন্টুনি ফিরিঙ্গি' ভারত কোষ (প্রথম খণ্ড) [বঙ্গীয় সাহিত্য পরিষদ, ১৯৬৪]।

**Mukhopadhyaya, Dr. Arun Kumar**

Taraknath Ganguly—A Lost Leader [Contemporary Indian Literature, October, November, December, Vol. 4, Nos. 10, 11, 12, 1964, New Delhi.].

**Bhattacharya, Dr. Satynarayan**

মধুসূদন-সাহিত্য-পরিক্রমা [গ্রন্থমালা, ১৯৬৪]।

*Mathematics*

**Chatterji, H. K.**

General Foundations for Resistance in Potential Flow [Proc. Nat, Science, A. 1964].

**Das, Anukul**

Boundary Layer flow in assi-symmetrical wall jits [under publication in Journal of Mech. and Appl. Maths.].

*Economics and Political Science*

**Bagchi, Dr. A. K.**

Planning and Controls [Seminar, May, 1964].

Protection and Rationalization [Arthaniti, Jan-June, 1964.]

Shadow Prices, Controls and Tariff Policy [Indian Economic Review (forthcoming)].

**Bose, S.**

Economic Growth in a Two-Sector Planning Model [forthcoming in Economics Internazionale (Genoa)].

**Ghosh, Dr. R. C.**

India and the World—[a book shortly to be published by the World Press].

**Chakrabarti, R.**

Democratic Constitution: Application and Trends in Africa (article in Bengali) [published in the *Rashtra,* quarterly oragn of the West Bengal Pol. Sc. Association, 4th year, volume II, October 1964].

**Mukherjee, A. K.**

Aspects of Democracy [S. Gupta & Brothers, Calcutta].

Naya Panchayat in West Bengal—[a paper for the XXVIth session of the Indian Political Science Conference].

Political Philosophy of J. S. Mill (in Bengali)—[*Amrita,* July 17, 1964].

**Basu Roy Choudhury, Dr. N. C.**

The Unfinished Work of Nehru [The *Political Quartery,* London, October-December, 1964].

*Chemistry*

**Shome, Dr. S. C. and Kaimal, V. R. M.**

Gravimetric determination of Tungsten with N-benzoyl phenylhydroxylamine [*Analytica Chimica Acta,* 31, 286 (1964)].

**Shome, Dr. S. C. and Das, H. R.**

Determination of palladium with salicylolhyadrazide, [*Analytica Chimica Acta*] (in Press).

**Shome, Dr. S. C. and Das, B.**

Determination of Lanthanum with N-benzoyl phenylhydoxlamine [*Analytica Chimica Acta*] (in Press).

**Ali, Dr. M. A. and Millar, I.T. et al**

Phenanthrene Chemistry, Part II [*J. Chem. Soc.*, London 387, 1964.].

**Ali, Dr. M. A. and Chatterjee, H.**

Application of Refined M.O. method to Hafner's hydrocarbons (Tetrahedron) (in Press).

**Ali, Dr. M. A. and Das Gupta, N. K.**

Refined M.O. calculation of the ground state of Acenaphtheylene (submitted for publication).

**Ali, Dr. M. A. and Mukherjee, N. G.**

Split shell wave-function of lowest 2-P state of three-electron atomic systems (submitted for publication).

**Chatterjee, Dr. D. N.**

Synthesis and Rearrangement of an Alkyl Disubstituted Spirane [*Current Science,* 1964, Vol. 33, page 582].

**Chakraborty, Dr. S. N.**

Availability of soil and fertilizer phosphates to plants [*Science and Culture,* 30, 475-84, 1964].

**Chakraborty, Dr. T.**

A note on the detection of Oleander in Toxicology. [*Science and Culture,* 30, 191, 1964].

**Banerjee, R. S.**

Ligand field spectra of some metals in their unfamiliar oxidation states. Part II—Trivalent Silver and trivalent copper [*Journal of Inorganic and Nuclear Chemistry*] (accepted for publication).

Ligand field spectra of some metals in their unfamiliar oxidation states, Part III—Tetravalent Manganese [*Journal of Inorganic and Nuclear Chemistry*] (accepted for publication).

Ligand field spectra of some metals in their unfamiliar oxidation states, Part IV—Bivalent Rheniun [*Journal of Inorganic and Nuclear Chemistry*] (accepted for publication).

## *Geology*

**Ray, S. and Bose, M. K.**

Unique fold pattern in a shallow basin [XXII Sessions International Geological Congress, 1964].

**Bose, M. K.**

On the Ilkaline igneous complex of Koraput, Orissa [XXII Sessions International Geological Congress, 1964].

Amphiboles in alkaline rocks of Koraput, Orissa [*Mineral Magazine*, London, Vol. 33, No. 265, 1964.]

Structure and mode of emplacement of the alkaline complex of Koraput, Orissa [*Proc. Ind. Sci. Cong.*, 51st Sessions, 1964].

**Saha, Dr. A. K.**

A simple grid deviation technique of study of the areal composition variations in granitic bodies [*Geological Magazine*, Vol. 101, No. 2, p. 145-149].

On the stratigraphic position of the basic lavas, south of Jagannathpur, Singhbhum district [*Bull. Geol. Soc. India*, Vol. 1, No. 1, p. 2-6].

**Saha, Dr. A. K. with Sarkar, Dr. S. N.**

Reply to discussions on 'A revision of the Pre-Cambrian stratigraphy and tectonics of Singhbhum and adjacent regions' [*Q. J. Geol. Min. Met. Soc. India*, Vol. 35, p. 239-242].

**Saha, Dr. A. K. with Bandyopadhyay, T. K.**

Quantitative petrology of a part of Singhbhum Granite around Kuyali, Singhbhum district, Bihar [*Jour. Geol. Soc. India*, Vol. 5, p. 97-111].

**Bandyopadhyay, T. K.** ...

Structures of the Singhbhum Granite around Kuyali, Singhbhum district, Bihar [*Q. J. Geol. Min. Met. Soc. India*, Vol. 36, p. 13-22].

**Chakrabarti, S. K.**

Magmatic differentiation of the Jerria Dungri gabbro, Singhbhum dist., Bihar. [*Q. J. Geol. Min. Met. Soc. India*, Vol. 36, p. 47-56].

(*Papers in the Press*)

**Saha, Dr. A. K.**

Quantitative study of the areal composition variations in granitic rocks [80th Birthday Commemoration Volume for Dr. D. N. Wadia, *Min. Geol. Met. Inst. India*].

Studies on the areal composition variations in the Bahalda Road granodiorite [*Advancing Frontiers of Geology and Geophysics* (65th Birthday Commemoration of Dr. M. S. Krishnan)].

Emplacement of the northern part of Singhbhum Granite, East India: a study in Pre-Cambrian magmatism and granitization [*Proc. XXII Int. Geol. Congress*, 1964.].

**Saha, Dr. A. K. with Sarkar, Dr. S. N.**

Pre-Cambrian Paleogeography of Singhbhum region, India: a preliminary reconstruction [*Proc. XXII Int. Geol. Congress*, 1964].

On the stratigraphic status of the Older Metamorphic Series, the Iron Ore Series, the Gangpur Series, and the Singhbhum Series [*Proc. of the symposium "Stratigraphy, Age and correlation of the Archean Provinces of India"*—Geological Society of India].

**Saha, Dr. A. K. with Gangopadhyay, Dr. P. K.**

On the folds and fracture cleavages in the Nimbahera limestones at Chitorgrah, Rajasthan (India) [*Proc. Nat. Inst. of Sciences of India*].

On the occurrence of a syenodiorite—diorite composite dyke near Maluka in Singhbhum district, Bihar [*Bull. Geol. Soc. India*, Vol. 1, No. 3]

**Saha, Dr. A. K. with Sen, Dr. S.**

A study of the emplacement of the pegmatite bodies around Sankh, district Hazaribagh, Bihar [*Proc. Nat. Inst. Sciences of India*].

**Saha, Dr. A. K. with Basak A.**

On the occurrence of pyrophyllite associated with the Singhbhum Granite, around Keonjhargarh (Orissa) [*Jour. Indian Geo. Science Assoc.*, Vol. 5].

**Das Gupta, P. K.**

On the provenance of the Barakar Arkosic Sandstones around Mugma, Raniganj coalfield (Abstract, *Indian Science Congress*, 1964).

Palaeocurrent studies in the Barakar Measures around Mugma, Raniganj coalfield (Abstract, *Indian Science Congress*, 1964).

**Modak, G. K.**

Graphite in the Palamau district, Bihar (in the Press).

Fireclay Deposits of Palamau district, Bihar (in the Press).

A note on the Gondwanas of the Pal Tahsil, Surguja district, Madhya Pradesh (in the Press).

## *Philosophy*

**Bhattacharya, P. N.**

মনোবিদ্যা—গ্রন্থ (প্রকাশকঃ এ মুখার্জি)।

**Sinha, Dr. D.**

"Person" in Husserl's Phenomenology [*Philosophical Quarterly*, July 1964].

On "Transcendental Method" [*Philosophical Quarterly*, January 1965, Indian Philosophical Congress, 1964].

অস্তিবাদ—[ 'ভারতকোষ' (১ম খণ্ড) ]।

"বিবেকানন্দজিজ্ঞাসা"—[ বিবেকানন্দ স্মরণিকা, ১৯৬৪ ]।

কাব্য ও জীবন-জিজ্ঞাসাঃ গ্যেটে—[ বিশ্বভারতী পত্রিকা ]।

"Idealist Standpoint: A Study in Vedantic Metaphysic of Experience." (যন্ত্রস্থ)

**Nandi, Dr. S. K. with Guha, B. R.**

ভারতীয় দর্শনের রূপরেখা [ প্রকাশকঃ নলেজ হোম, কলিকাতা ]।

**Nandi, Dr. S. K.**

On Aesthetic and Ethical Values [*Prabuddha Bharata*, May and June 1964].

Art and Morality (*Devajyoti* special issue published from Bombay).

Brojendra Nath Seal and Rabindra Nath Tagore [*Hindusthan Standard*, 3rd September 1964].

The Clay Modellers of Krishnagore [*Karukala*, a West Bengal Government annual publication].

বিবেকানন্দের শিল্পচিন্তা—[বিবেকানন্দ শতবার্ষিকী স্মারক গ্রন্থ]।

শিল্প ও প্রাকৃত জন ['বিশ্ববাণী', শারদীয় সংখ্যা]।

শিল্পের পরিধি ['বসুধারা', শারদীয় সংখ্যা]।

Studies in the Aesthetics of Acharya B. N. Seal (Read at the last session of the Indian Philosophical Congress, 1964).

Tradition and Progress (Paper contributed to the seminar organised by the Indian International Association and the Centre for Advanced Studies in Philosophy).

## *History*

**Biswas, D. K.**

'অলবিরুণী', 'অসুর', 'আত্মীয় সভা', 'আদি ব্রাহ্মসমাজ', 'আরিয়ান', 'আর্য', **'আর্যসমাজ',** 'আবদুর রজ্জাক', 'আদিত্য', 'ইবন বতুতা', 'ঈ-ৎলিঙ', 'উপগুপ্ত'। [**'ভারতকোষ', ১ম** খণ্ড (বঙ্গীয় সাহিত্য পরিষৎ, কলিকাতা, ১৯৬৪)]।

## *Physics*

**Sengupta, Dr. R. L. and his research assistants**

Muon Scattering [*Annalen der Physik,* Vol. 13, Nos. 7-8, page 325, 1964].

The knock-in Electrons of Fast Muons [*Annalen der Physik*] (accepted for publication).

**Ghosal, Dr. S. N. and Duckworth, Dr. H. E.**

High Resolution Mass Spectrometry, ["Mass Spectrometry", published by McGrow Hill and Co.].

**Basak, Dr. B. S.**

Quantitative estimation of free-silica by X-ray diffraction method. [*Proceedings of the symposium on "testing of materials"* held in the Alipore Test House Calcutta].

**Sengupta, Dr. S. and Banerji, P.**

Rotational spectra of Nuclei with small asymmetry [*Nuclear Physics*] (in the Press).

## Zoology

**Mookerjee, S. and Ganguly, B.**

Contact reaction of cells in sponge aggregation [*Roux' Archiv.* 155 : 525-534 (1964)].

The visible events in cell death [*Naturwissenchaften*, 1964].

**Mookerjee, S., Chaudhury, M. and Ganguly, B.**

Toxicating effect of Janus Green B [*Naturwissenchaften*, 1964].

**Mookerjee, S. and Waidyasekera, P. L. D.**

Transient physiological changes in trypsinised amoebae [*Nucleus*, 1964].

**Mookerjee, S. and Basu, D.**

Temporary cytoplasmic inseparation in amoebae after centrifugation [*Ind. Jour. Expr. Biol.*, 1964].

**Mookerjee, A., Van Dyke, J. C. and Laughlin, J. S.**

The relative biochemical efficiency of 20-Mev Electrons and 250-Kvp X-rays in Saecharomyces cerevisiae inactivation [*Radiation Research*, 1964].

**Basu, D.**

Property of encystment in amoeba subjected to centrifugal force [*Science and Culture*, 30: 462-463, 1964].

**Waidyasekara, P. L. D.**

Effects of a deaminating substance on amoeba [*Science and Culture*, 30: 463-464, 1964].

**Chatterjee, S.**

Induced surface reaction in Quinhydrone treated amoeba [*Caryologia*] (in Press, 1964).

**Mookerjee, S. and Bhattacharyya, S.**

Cellular participation in regeneration in hydra [*Roux' Archiv*] (in Press).

**Mookerjee, S. and Chakravorty, A.**

Fibres in hydra [*Quart. Jour. Micros. Sci.*] (in Press).

**Sinha, A.**

Experimental determination of polarity in hydra [*Roux' Archiv*] (in Press).

In addition, Dr. Mookerjee and his research associates have contributed 9 papers to the 52nd Session of the Indian Science Congress Association to be held at Calcutta.

**Bhaduri, P. N. and Ghosh, M.**

Excised embryo culturing in the study of inheritance of root types in rice [*Journal of Heredity*] (in Press).

**Ghosh, M.**

A study of Karyotypes of different forms of Oryza perennis Moench., Oryza officinalis Wall., Oryza ridleyi Hook., O. coarctate Roxb., with special reference to phylogenetic interrelationships [*Nucleus*, VIII] (in Press).

**Chatterjee, N. K.**

Cytological studies on mosses from Eastern India [The *Bryologist*, 67: 47-52].

**Datta, C. T. and Mukherjee, R. K.**

Gibberellic acid and crop plants I. Effects of Gibberellic acid on growth of Jute (*Corchous olitorius* L). [*Indian Journal of Plant Physiosiology*] (in Press).

Gibberellic acid and crop plants II. Effects of GA and JAA on growth and fibre-yield in jute (*Corchous Olitorius* L.) (communicated) Phyton.

**Kar, A. K.**

The Myxomycetes [*Bull. Bot. Soc. Beng.* 18(1); Suppl. 14-15, 1964].
The Myxomycetes of Calcutta suburbs [*Indian Phytopathology* 17(3): 220-221, 1964].

*Physiology*

**Dutta, Bharati and Mukherjee, Achintya K.**

Effect of testerone propionate on total iron level in blood and other tissues of albino rats. [*Ind. J. Exptl. Biol.* 1964: 2, 94-97].

**Sahu, G. and Mukherjee, Achintya K.**

Effect of Magnesium on sugar, calcium and Magnesium levels in the blood of hypothyroid and Thyroid fed rats. [*Ind. J. Exptl. Biol.* 1964: 2, 111-113].

**Roychoudhuri, N., Dutta, B. and Mukherjee, Achintya K.**

Comparative hematological studies of Iron and Phosphorus blood levels in mother and newborn baby. [*Am. J. Obs. & Gynce.*, 1963: 15, 742-745].

*Statistics*

**Gupta, M. K.**

On the admissibility of linear estimates of the expectation of one parameter exponential family [Abstract, *Annals of Mathematical Statistics*, September 1964].

**Gupta, M. K. with F. N. David**

Pressure as a function of distance II [*Technical Report of the University of California*, Barkeley, 1962].

An asymptotically non-parametric test of symmetry [Unpublished Ph.D. Thesis in the University of California, 1964].

**Mukherjee, S. P.**

Optimum control limits for X-charts [*C.S.A. Bulletin*, 1964].

Effects of process adjustments based on control limits [*Proc. of the Seminar on Quality Control in Engg. Industry*, 1964].

Potentialities of control charts [*Proc. of the Seminar on Quality Control in Engg. Industry*, 1964].

# APPENDIX II

## Pre-University Examinations, 1964

*Names of students placed among the first ten*

### Pre-University Arts

| | |
|---|---|
| Abhijit Datta ... ... ... | 4th |

### Pre-University Science

| | |
|---|---|
| Samarendra Ch. Das ... ... ... | 1st |
| Pradipnarayan Ghosh ... ... ... | 3rd |
| Digindranath Bhattacharya and Ratan Chakravorty ... | 6th |
| Prasanta Kr. Seth ... ... ... | 8th |
| Samir Ch. Saha ... ... ... | 9th |

## B.A. and B.Sc. Examinations, 1964

*Names of students obtaining first class*

### B.A. (2-Year Degree)

*Economics*

Keshabgopal Varma.

### B.Sc. (2-Year Degree)

*Chemistry*

Tapan Kr. Bhattacharyya.

*Statistics*

Sulabh Kr. Mukherjee.

### B.A. (3-Year Degree)

*English*

Sajni Kripalani.

*Philosophy*

Kishore Kr. Chakravorty.
Samirsudha Biswas.

*History*

Anindya Bhattacharyya.
Anuva Rai Choudhuri.
Tapati Choudhuri.

*Economics*

Mukulkumar Majumdar.

*Political Science*

Jayanta Kr. Rai Choudhuri.
Anilbaran Roy.

*Sanskrit*

Madhusri Roy.

*Geography*

Sefali Sengupta.

**B.Sc. (3-Year Degree)**

*Physics*

Amitava Bagchi (I).
Adhish Ch. Sinha.
Bikash Ch. Sinha.
Sukumar Ghosh.
Amitava Bagchi (II).
Dipanjan Rai Choudhuri.
Rajkumar Moitra.
Arati Lahiri.
Kumar Krishna Mukherjee.

*Chemistry*

Amitava Bhattacharyya.
Pinaki Gupta Bhaiya.
Amitava Dasgupta.
Ujjala Sen.
Parthasarathi Roy.
Subhash Kr. Sikdar.
Abhijit Banerjee.
Salil Kr. Sen.
Prabir Kr. Basu.
Pasupati Sadhukhan.

*Mathematics*

Asesh Roy Choudhuri.
Yogendra Kr. Maheswari.
Birendranath Mandal.

*Geology*

Amitava Mukherjee.
Amal Dasgupta.
Goutamprasad Sarkar.
Mrinalkanti Mukherjee.
Subrata Chakravorty.
Kamalaprasad Ghosh.
Tarun Kr. Sen.
Mihir Deb.
Jibankishore Roy Choudhuri.

*Botany*

Sona Mojumdar.
Firdous Ara Ismile.
Arati Sen.
Sima Pal.
Oendrila Chandra.

**. and M.Sc. Examination, 1963**

*Names of students obtaining first class*

*(Merit in order of the University)*

**M.A.**

*English*

| | | | | |
|---|---|---|---|---|
| Aditi Sen | ... | ... | ... | 1st |

*History*

| | | | | |
|---|---|---|---|---|
| Aparna Bandyopadhyay | ... | ... | ... | 1st |
| Nareshkumar Arora | ... | ... | ... | 2nd |
| Chittabrata Palit | ... | ... | ... | 3rd |
| Khorshed B. Bhathena | ... | ... | ... | 4th |

*Archaeology*

| | | | | |
|---|---|---|---|---|
| Prangopal Pal | ... | ... | ... | 1st |

*Economics*

| | | | | |
|---|---|---|---|---|
| Kumkum Ghosh | ... | ... | ... | 1st |

*Sanskrit*

| | | | | |
|---|---|---|---|---|
| Samiran Ch. Chakravorty | ... | ... | ... | 1st |

*Geography*

| | | | | |
|---|---|---|---|---|
| Anjana Roy Choudhuri | ... | ... | ... | 3rd |
| Asha Malhotra | ... | ... | ... | 6th |

## M.Sc.

### *Physics*

| | |
|---|---|
| Subimal Sen ... ... ... | 9th |
| Ramgopal Choudhuri ... ... ... | 12th |

### *Chemistry*

| | |
|---|---|
| Kamalakshya Nag ... ... ... | 11th |
| Chinmoy Chatterjee ... ... .... | 12th |
| Sudhir Ch. Dhara ... ... ... | 14th |
| Saktipada Bhattacharyya ... .. ... | 19th |

### *Applied Mathematics*

| | |
|---|---|
| Utpalkumar Banerjee ... ... ... | 1st |

### *Physiology*

| | |
|---|---|
| Sunilkumar Das ... ... ... | 1st |

### *Geology*

| | |
|---|---|
| Debasish Chatterjee ... ... ... | 1st |
| Debkumar Dasgupta ... ... ... | 2nd |
| Bejoyprasanna Bhattacharyya ... ... ... | 3rd |
| Suhash Ch. Talukdar ... ... ... | 4th |
| Santosh Kr. Ghosh and Nityaprasad Choudhuri ... | 6th |
| Amitkumar Roy ... ... ... | 9th |
| Janaranjan Guha ... ... ... | 10th |
| Nirmal Chatterjee ... ... ... | 11th |
| Dhanapati Haldar ... ... ... | 12th |

### *Zoology*

| | |
|---|---|
| Ashimkumar Chakravorty ... ... ... | 1st |
| Santigopal Pal ... ... ... | 2nd |
| Anjana Rai Choudhuri ... ... ... | 3rd |
| Satyabrata Bhattacharyya ... .. ... | 5th |

## APPENDIX III

*Medals, Prizes and Scholarships awarded by the Universitity*

## M.A. and M.Sc. Examination, 1963

### M.A.

*English*

Aditi Sen ... Gold medal and prize of Rs. 200. (a) Regina Guha Gold Medal (a gold-rimmed silver medal out of the interest of the Corpus). (b) Kshetramohan Chatterjee Gold Medal (a gold-rimmed silver medal out of the interest of the Corpus). (c) Prof. Sushil Ch. Dutt Silver Medal.

*Sanskrit*

Samiran Ch. Chakravorty ... Gold medal and prize of Rs. 200. (a) Hem Ch. Gossain gold medal and prize. (b) Nakuleswar Banerjee gold medal (a silver medal out of the interest of the Corpus). (c) Ramratan Chatterjee silver medal. (d) Sonamoni prize.

*History*

Aparna Banerjee ... Gold medal and prize of Rs. 200.

Naresh Kr. Arora ... Silver medal and prize of Rs. 100. Dr. Gouranganath Banerjee memorial prize.

*Archaeology*

Prangopal Pal ... Gold medal and prize of Rs. 200.

*Economics*

Kumkum Ghosh ... Prize of Rs. 200.

*Applied Mathematics*

Utpal Kr. Bandyopadhyay ... Gold medal and prize of Rs. 200. Hem Ch. Gossain gold medal and prize.

*Zoology*

Ashim Kumar Chakravorty ... Gold Medal and prize of Rs. 200.

Santigopal Pal ... Silver medal and prize of Rs. 100. Brahma Mohan Mallik gold medal. Motilal Mallik Gold Medal (a gold-rimmed silver medal out of the interest of the Corpus).

*Geology*

Debasish Chatterjee ... Gold medal and prize of Rs. 200.

Deb Kumar Dasgupta ... Silver medal and prize of Rs. 100.

*Physiology*

Sunil Kumar Das ... Prize of Rs. 200.

*Geography*

Anjana Rai Choudhuri ... Prize of Rs. 100.

APPENDIX IV

## PRESIDENCY COLLEGE, CALCUTTA

### Awards of medals and prizes by the College

### Awards on the results of the B.A. and B.Sc. Part I Examinations of the University in 1964.

| | Name of the Prize. | Name of the winner. | Condition of award. |
|---|---|---|---|
| 1. | Scindia Gold (centred) Medal and Gwalior Prize | Awarded to Shri Soubir Bhattacharyya | For the highest marks from the college in Honours in Part I Scence Examination. |
| 2. | Scindia Gold (centred) Medal and Gwalior Prize | Awarded to Shri Sujit Sankar Chatterjee. | For the highest marks from the college in Honours in Part I Arts Examination. |
| 3. | Arun Sarkar Memorial Medal .. .. | Awarded to Shrimati Pampa Mitra. | For the highest marks in Bengali Honours in Part I Arts Exam inatin among the students of the college. |
| 4. | Harishchandra Kaviratna Prize .. .. | This award is suspended this year as there is no candidate fulfilling the requirements. | |
| 5. | Chandranath Moitra Medal .. .. | Awarded to Shri Subhasish Sengupta. | For the highest marks in Geology Honours in Part I Science Examination among the students of the college. |
| 6. | Sir Charuchandra Ghosh Memorial Prize .. | Awarded to Shri Subhas Basu .. | For the highest marks in English Honours in Part I Arts Examination among the students of 3rd Year English Honours class of the college. |
| 7. | College Prize .. .. .. | Awarded to Sm. Mira Das .. | For the highest marks in Geography Honours in Part I Arts and Science Examinations obtained by a student of this college who has been admitted in 3rd Year class. |

২৬

| | | | |
|---|---|---|---|
| 8. | Rai Bahadur Devenderchander Ghosh Prize | Awarded to Sm. Kuhu Roy | For the highest marks in History Honours in Part I Arts Examination obtained by a student of this college, who has been admitted in 3rd Year class. |
| 9. | Kunja Behari Basak Medal .. .. | Awarded to Shri Satyanarayan Nandi. | For highest marks in Practical Chemistry in Part I Honours Examination among the Chemistry Honours students of this college. |
| 10. | Cunninghum Memorial Prize .. .. | Awarded to Shri Amitabha Bhattacharyya. | For the highest marks in Chemistry Honours in B. Sc. Examination among the students of the college. |
| 11. | College Prize .. .. .. | Awarded to Shri Prasanta Kr. Bhowmick. | For the highest marks in Chemistry Honours among the students of the 5th Year Class of this college. |
| 12. | J. C. Nag Memorial Medal .. .. | Awarded to Sm. Sona Majumdar .. | For the highest marks in Botany Honours in B.Sc. Examination among the students of this college. |
| 13. | J. C. Sinha Economics Prize .. .. | Awarded to Shri Mukul Majumdar | For the highest marks in Economics Honours in the B.A. Examination among the students of this college. |

**Awards on the results of M.A. and M.Sc. Examinations of the University in 1963.**

| | | | |
|---|---|---|---|
| 14. | Chandranarayan Gold (centred) Medal .. | Awarded to Sm. Aparna Banerjee | For the highest marks in History among the students of the college. |
| 15. | Cunninghum Memorial Prize .. .. | Awarded to Shri Kamalakshya Nag | For the highest marks in Chemistry among the students of the college. |

## Awards on the results of Pre-University Examination, 1964.

| | Name of the Prize. | Name of the winner. | Condition of award. |
|---|---|---|---|
| 16. | Ashutosh Mukherjee Prize | Awarded to Shri Samarendra Ch. Das. | For the highest marks in Pre-University Science Examination among the students of the college. |
| 17. | Ashutosh Mukherjee Prize | Awarded to Shri Abhijit Datta | For the highest marks in Pre-University Arts Examination among the students of the college. |
| 18. | Nistarini Dasi Prize | Awarded to Shri Goutam Mitra | For the best Laboratory Note Book in Physics among the 1st year degree (Science) Physics Honours students of the college. |

WBGP-64/5-6292F-1,200